রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৬, ২০১৯

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৩—৪৯৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৪১—১০৬৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪৯—২৫৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮৯৫—২৯১৩ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .........সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .........বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..........বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..........কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..........তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়

### আদেশাবলি

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

নং **বাসককস/প্রশা-১/ব্যঃ-১১/২০০৫-৭৭৯**—যেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের উপপরিচালক জনাব মোঃ আনিসুর রহমান ঢাকাস্থ প্রধান কার্যালয়ে কর্মরত থাকাকালীন গত ২৪-১২-২০১৭ তারিখে বেশ কিছু কর্মকর্তা ও কর্মচারীকে প্ররোচিত করে তাদেরকে সঙ্গে নিয়ে সচিব, যিনি একজন ভদ্রমহিলাও বটে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের অফিস কক্ষে সচিবের পূর্বানুমতি ব্যতিরেকে প্রবেশের চেষ্টা করেন এবং সচিব কর্তৃক ২(দুই) জন-কে প্রবেশের জন্য বলা হলে চিৎকার হট্টগোল করে বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি করেন এবং হুলস্থুল করে জোরপূর্বক সচিবের কক্ষে প্রবেশ করেন। তাছাড়াও চতুর্থ হতে তৃতীয় শ্রেণিতে পদোন্নতির বিষয়ে বিধিবহির্ভূতভাবে প্রভাব খাটানোর চেষ্টা করেন এবং অধিকন্তু তিনি সচিবের সাথে উগ্র আচরণ করেন এবং বেশকিছু কর্মকর্তাকে নিয়ে তাঁর কক্ষের সামনে ভীড় জমান ও চিৎকার, হট্টগোল করে দাপ্তরিক কর্ম পরিবেশকে হুমকীর সম্মুখিন করেন ;

যেহেতু জনাব মোঃ আনিসুর রহমান সচিবের কক্ষে প্রবেশ করে হুমকি এবং চিৎকার করে তাঁর প্রতি অবমাননাকর এবং শিষ্টাচার পরিপন্থি আচরণ করেন। উল্লিখিত আচরণসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত অপরাধ। উপরন্তু তিনি এর মাধমে একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের সচিবের দপ্তরের কর্মপরিবেশ নষ্ট করে নিয়মিত কাজের বিঘ্ন সৃষ্টি করেছেন ;

যেহেতু জনাব মোঃ আনিসুর রহমান-কে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১-০১-২০১৮ তারিখের ৮০.৪০১.০৩৫.০০.০০.০১৫.১৪.৪৮ নম্বর অফিস আদেশের দ্বারা কমিশন সচিবালয়ের রংপুর আঞ্চলিক কার্যালয়ে সংযুক্তি এবং ১৪-০১-২০১৮ তারিখে অবমুক্ত করা হলেও রংপুর আঞ্চলিক কার্যালয়ে যোগদান না করে ৬০(ষাট) দিনের বেশি অনুপস্থিত ছিলেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী 'পলায়ন' এর পর্যায়ভুক্ত অপরাধ ;

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তার উপরিউক্ত কার্যকলাপের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নম্বর-০১/২০১৮) রুজু করা হয় এবং ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত জবাব দাখিলের নির্দেশ দেওয়া হয় ;

যেহেতু তিনি ২৩-১০-২০১৮ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহ প্রকাশ করেননি। তার জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(গ) বিধি অনুযায়ী তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য ১২-১২-২০১৮ তারিখের বাসককস/প্রশা-১/ব্যঃ-১১/২০০৫-১৩৭৯ নম্বর স্মারকের মাধ্যমে অতিরিক্ত সচিব জনাব মোঃ মনজুরুর রহমান- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত কাজ সম্পন্ন করে ৩০-০১-২০১৯ তারিখে মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এবং 'পলায়ন'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন ;

যেহেতু তদন্ত কর্মকর্তার মতামতের ভিত্তিতে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) অনুযায়ী তার বিরুদ্ধে কেন গুরুদন্ড আরোপ করা হবে না, ০৭(সাত) কার্য দিবসের মধ্যে উহার লিখিত জবাব দাখিল করার জন্য (২য় কারণ দর্শানোর নোটিশ) নির্দেশ প্রদান করা হয়। তিনি ১৭-০২-২০১৯ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন যা সন্তোষজনক নয় ;

এবং যেহেতু তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, প্রদত্ত জবাব, তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় আনীত অসদাচরণ এবং পলায়ন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তার ব্যক্তিগত নথি পর্যালোচনায় দেখা যায় যে, এটি তার এ ধরনের প্রথম অপরাধ। সে কারণে সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক তাকে গুরদন্ডের পরিবর্তে লঘুদন্ড প্রদান সমীচীন মর্মে বিবেচিত হয় ;

সেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের উপপরিচালক জনাব মোঃ আনিসুর রহমানকে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) অনুসারে আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৮০.৪০১.০১৯.০০.০০.১৩৯.২০১৩-৭৮০**—যেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ আতিকুর রহমান কমিশনের প্রাক্তন বিজ্ঞ সদস্য অধ্যাপক ড. এস.এম আনোয়ারা বেগমের দপ্তরে কর্মরত থাকাকালে দীর্ঘদিন যাবৎ বিলম্বে অফিসে আসতেন এবং প্রায়ই অননুমোদিতভাবে অফিসে অনুপস্থিত থাকতেন। দাপ্তরিক দায়িত্ব পালনে তার অবহেলার কারণে কমিশনের মৌখিক পরীক্ষার বোর্ডের এবং দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে বিঘ্ন ঘটে। গত ০৯-০৫-২০১৭ তারিখের ৫৩৮ নম্বর স্মারকে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত অফিসে অনুপস্থিত থাকা ও বিলম্বে অফিসে আসার বিষয়ে ১০(দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি যথাসময়ে উক্ত কারণ দর্শানোর কোন জবাব প্রদান করেননি ;

যেহেতু জনাব মোঃ আতিকুর রহমানকে বিজ্ঞ সদস্য অধ্যাপক ড. এস.এম আনোয়ারা বেগমের দপ্তর হতে ২৯-০৫-২০১৭ তারিখের ৬০০ নম্বর অফিস আদেশের মাধ্যমে ইউনিট-৬ এর পরিচালকের দপ্তরে বদলি করা হলেও তিনি গত ৩০-০৫-২০১৭ হতে ১৩-০৬-২০১৭ তারিখ পর্যন্ত বদলীকৃত শাখায় যোগদান না করে অনুপস্থিত ছিলেন। একই ধরনের অপরাধ বার বার করার পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮] অনুসারে বিভাগীয় মামলা (মামলা নম্বর-০১/২০১৭) রুজু করা হয় এবং ১০ (দশ) কার্য দিবসের মধ্যে উহার লিখিত জবাব দাখিলের নির্দেশ দেওয়া হয় ;

যেহেতু তিনি ১৭-০১-২০১৮ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(গ) বিধি অনুযায়ী তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য ১১-০২-২০১৮ তারিখের ৮০.৪০১.০১৯.০০. ০০.১৩৯.২০১৩-২০১ নম্বর স্মারকের মাধ্যমে উপপরিচালক বেগম নাহিদ সুলতানা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত কাজ সম্পন্ন করে ২৭-০৬-২০১৮ তারিখে মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন ;

যেহেতু তদন্ত কর্মকর্তার মতামতের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) অনুসারে তাকে কেন গুরুদন্ড আরোপ করা হবে না, ০৭(সাত) কার্য দিবসের মধ্যে উহার লিখিত জবাব দাখিল করার জন্য (২য় কারণ দর্শানোর নোটিশ) নির্দেশ প্রদান করা হয়। তিনি ০৩-০৯-২০১৮ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন ;

এবং যেহেতু তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, প্রদত্ত জবাব, তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তার ব্যক্তিগত নথি এবং সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক তাকে লঘুদন্ড প্রদান করা সমীচীন মর্মে বিবেচিত হয়;

সেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ আতিকুর রহমান, ব্যক্তিগত কর্মকর্তাকে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) অনুসারে আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোহাম্মদ সাদিক**
চেয়ারম্যান।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ নিয়োগ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৬/১৮ জুন ২০১৯

নং **০৫.০০.০০০০.১৩৮.০৪.০০৯.১৮.৫০১**—যেহেতু, জনাব শেখ তৌহিদুল হক (পরিচিতি নম্বর ১৫৬৮০), বিশেষ ভারাপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১৪-০৭-২০১৭ তারিখে উক্ত শিক্ষার্থে ছুটির মেয়াদ শেষ হবার পরও কর্মস্থলে অদ্যাবধি যোগদান করেননি এবং গত ২৫-০৭-২০১২ খ্রি. তারিখ হতে সরকারের কর্মে এক নাগাড়ে ০৫ (পাঁচ) বছরের বেশী সময় অনুপস্থিত রয়েছেন ;

যেহেতু, গত ২৫-০৭-২০১৭ খ্রি. তারিখে তাঁর সরকারের কর্মে অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হয়েছে ;

সেহেতু, একনাগাড়ে ০৫ (পাঁচ) বছরের অধিককাল কর্তব্য (ডিউটি) হতে অনুপস্থিত থাকায় বাংলাদেশ সার্ভিস রুলস প্রথম খন্ডের বিধি ৩৪ অনুযায়ী গত ২৫-০৭-২০১৭ খ্রি. তারিখ হতে জনাব শেখ তৌহিদুল হক (১৫৬৮০) এর চাকরির অবসান হয়েছে। সরকারি চাকরির অবসান ঘটায় সরকারের নিকট থেকে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

**বিধি অনুবিভাগ**
**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ/০৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

নং **০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-১৪৬**—ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর Ministry of Public Administration অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের সংশোধিত চাহিদা মোতাবেক নিম্নে উল্লিখিত ৭টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও ৫৪টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণের দিন ২৫ জুলাই, ২০১৯ তারিখ বৃহস্পতিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

**সংশোধিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের বিবরণী**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | নির্বাচন |
|---|---|---|---|---|
| ১. | ব্রাহ্মণবাড়িয়া | কসবা | কুটি | সাধারণ নির্বাচন |
| ২. | চাঁদপুর | ফরিদগঞ্জ | ফরিদগঞ্জ দক্ষিণ | সাধারণ নির্বাচন |
| ৩. | রাজশাহী | পুঠিয়া | পুঠিয়া | সাধারণ নির্বাচন |
| ৪. | | | জিউপাড়া | সাধারণ নির্বাচন |
| ৫. | রাজবাড়ী | গোয়ালন্দ | দৌলতদিয়া | সাধারণ নির্বাচন |
| ৬. | | | দেবগ্রাম | সাধারণ নির্বাচন |
| ৭. | বরগুনা | আমতলী | আমতলী | সাধারণ নির্বাচন |

**সংশোধিত বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানের শূন্য পদে উপনির্বাচনের বিবরনী**

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | রংপুর | সদর | খলেয়া | চেয়ারম্যান |
| ২. | দিনাজপুর | চিরিরবন্দর | আলোকডিহি | চেয়ারম্যান |
| ৩. | | কাহারোল | মুকুন্দপুর | চেয়ারম্যান |
| ৪. | লালমনিরহাট | আদিতমারী | সাপ্টীবাড়ী | চেয়ারম্যান |
| ৫. | বগুড়া | শিবগঞ্জ | রায়নগর | চেয়ারম্যান |
| ৬. | | সদর | শাখারিয়া | চেয়ারম্যান |
| ৭. | | গাবতলী | রামেশ্বরপুর | চেয়ারম্যান |
| ৮. | কুড়িগ্রাম | রাজারহাট | চাকিরপশার | চেয়ারম্যান |
| ৯. | নীলফামারী | ডোমার | বোড়াগাড়ী | চেয়ারম্যান |
| ১০. | ঠাকুরগাঁও | বালিয়াডাঙ্গী | পাড়িয়া | চেয়ারম্যান |
| ১১. | গাইবান্ধা | গোবিন্দগঞ্জ | মহিমাগঞ্জ | চেয়ারম্যান |
| ১২. | রাজশাহী | তানোর | কলমা | চেয়ারম্যান |
| ১৩. | চাঁপাইনবাবগঞ্জ | সদর | দেবীনগর | চেয়ারম্যান |
| ১৪. | নাটোর | লালপুর | আড়বাব | চেয়ারম্যান |
| ১৫. | নওগাঁ | বদলগাছী | কোলা | চেয়ারম্যান |
| ১৬. | ময়মনসিংহ | ঈশ্বরগঞ্জ | জাটিয়া | চেয়ারম্যান |
| ১৭. | | ফুলবাড়ীয়া | ফুলবাড়ীয়া | চেয়ারম্যান |
| ১৮. | টাঙ্গাইল | নাগরপুর | নাগরপুর | চেয়ারম্যান |
| ১৯. | ঢাকা | ধামরাই | বাইশাকান্দা | চেয়ারম্যান |
| ২০. | গাজীপুর | শ্রীপুর | কাওরাইদ | চেয়ারম্যান |
| ২১. | নরসিংদী | রায়পুরা | ডৌকারচর | চেয়ারম্যান |
| ২২. | | | রাধানগর | চেয়ারম্যান |
| ২৩. | কিশোরগঞ্জ | তাড়াইল | দামিহা | চেয়ারম্যান |
| ২৪. | পিরোজপুর | কাউখালী | সয়না রঘুনাথপুর | চেয়ারম্যান |
| ২৫. | বরগুনা | সদর | গৌরীচন্না | চেয়ারম্যান |
| ২৬. | ঝালকাঠি | নলছিটি | নাচনমহল | চেয়ারম্যান |

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ২৭. | খুলনা | ডুমুরিয়া | গুটুদিয়া | চেয়ারম্যান |
| ২৮. | | কয়রা | কয়রা | চেয়ারম্যান |
| ২৯. | যশোর | বাঘারপাড়া | রায়পুর | চেয়ারম্যান |
| ৩০. | | কেশবপুর | মজিদপুর | চেয়ারম্যান |
| ৩১. | বাগেরহাট | ফকিরহাট | বেতাগা | চেয়ারম্যান |
| ৩২. | সাতক্ষীরা | কালিগঞ্জ | কুশুলিয়া | চেয়ারম্যান |
| ৩৩. | | | মৌতলা | চেয়ারম্যান |
| ৩৪. | | আশাশুনি | কুল্যা | চেয়ারম্যান |
| ৩৫. | ঝিনাইদহ | হরিণাকুন্ডু | কাপাশহাটিয়া | চেয়ারম্যান |
| ৩৬. | চুয়াডাঙ্গা | আলমডাঙ্গা | চিৎলা | চেয়ারম্যান |
| ৩৭. | সিলেট | জৈন্তাপুর | নিজপাট | চেয়ারম্যান |
| ৩৮. | | গোয়াইনঘাট | আলীরগাঁও | চেয়ারম্যান |
| ৩৯. | | কানাইঘাট | সাতবাক | চেয়ারম্যান |
| ৪০. | সুনামগঞ্জ | জামালগঞ্জ | সাচনা বাজার | চেয়ারম্যান |
| ৪১. | | বিশ্বম্ভরপুর | ধনপুর | চেয়ারম্যান |
| ৪২. | হবিগঞ্জ | বানিয়াচং | সুবিদপুর | চেয়ারম্যান |
| ৪৩. | | চুনারুঘাট | চুনারুঘাট | চেয়ারম্যান |
| ৪৪. | | মাধবপুর | আন্দিউড়া | চেয়ারম্যান |
| ৪৫. | মৌলভীবাজার | বড়লেখা | বড়লেখা | চেয়ারম্যান |
| ৪৬. | ব্রাহ্মণবাড়িয়া | সদর | সুলতানপুর | চেয়ারম্যান |
| ৪৭. | লক্ষ্মীপুর | রামগতি | বড়খেরী | চেয়ারম্যান |
| ৪৮. | | কমলনগর | চর লরেন্স | চেয়ারম্যান |
| ৪৯. | | সদর | উত্তর জয়পুর | চেয়ারম্যান |
| ৫০. | কক্সবাজার | কুতুবদিয়া | বড়ঘোপ | চেয়ারম্যান |
| ৫১. | | টেকনাফ | হ্নীলা | চেয়ারম্যান |
| ৫২. | | চকরিয়া | ফাসিয়াখালী | চেয়ারম্যান |
| ৫৩. | বান্দরবান পার্বত্য জেলা | আলীকদম | আলীকদম | চেয়ারম্যান |
| ৫৪. | রাঙ্গামাটি পার্বত্য জেলা | লংগদু | মাইনীমুখ | চেয়ারম্যান |

নং **০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭১৪৭**—ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর Ministry of Public Administration অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণের দিন ২৫ জুলাই, ২০১৯ তারিখ বৃহস্পতিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

তারিখ : ২৪ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ/০৯ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

নং **০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭১৪৮**—ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর Ministry of Public Administration অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক ময়মনসিংহ জেলার সদর উপজেলার সিরতা ইউনিয়ন পরিষদের স্থগিতকৃত সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণের দিন ২৫ জুলাই, ২০১৯ তারিখ বৃহস্পতিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. শাহীন**
সিনিয়র সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশাবলি

তারিখ : ২২ জুলাই ২০১৯ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-১৪/২০০২-২৭১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ খালিদ হোসেন, পিতা-মোঃ ইমরান হোসেন, মাতা-আকলিমা বেগম, গ্রাম-কোমর পোল, পোঃ নতুনমুল গ্রাম, উপজেলা-কেশবপুর, জেলা-যশোর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যশোর জেলার কেশবপুর উপজেলার ১০নং সাতবাড়িয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২এন-২৬/৯১-২৭২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ইয়ামিন, পিতা-মোঃ ইউনুছ, মাতা-হাছিনা আক্তার, ঠিকানা-২০২ হাওলাদার সড়ক, মুসলিম পাড়া, ৮নং ওয়ার্ড, লালমোহন পৌরসভা, লালমোহন, ভোলা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার লালমোহন পৌরসভার ৭ ও ৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

## বিচার শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৫.২৭.০২৫.১৬.৫৯৯**—যেহেতু বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্য (১) জনাব মাহবুব আলী মুয়াদ, সিনিয়র সহকারী জজ, বাজিতপুর চৌকি, কিশোরগঞ্জ (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ) এবং (২) জনাব মোঃ তাজ উল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ) এর বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ১০/২০১৬ রুজুক্রমে তাঁদের বরাবর অভিযোগনামা (১ম কারণ দর্শানোর নোটিশ) ও অভিযোগ বিবরণী যথারীতি জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাগণ ১ম কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি প্রদান করেন ;

যেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে উক্ত বিভাগীয় মোকদ্দমায় পূর্ণাঙ্গ তদন্তের নিমিত্ত তদন্তকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয় ;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে অভিযুক্ত কর্মকর্তাগণের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ পর্যালোচনা, সাক্ষ্য প্রমাণ ও পারিপার্শ্বিক অবস্থার আলোকে তাঁদের বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন দাখিল করেন ;

যেহেতু, সরকার তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে অভিযুক্ত কর্মকর্তাগণের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) এর 'অসদাচরণ'র অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(বি) অনুযায়ী ০১ (এক) বছরের জন্য তাঁদের বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ;

যেহেতু, সরকার উপর্যুক্ত সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট উক্ত প্রস্তাবে একমত পোষণ করে ;

সেহেতু, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্য (১) জনাব মাহবুব আলী মুয়াদ, সিনিয়র সহকারী জজ, বাজিতপুর চৌকি, কিশোরগঞ্জ (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ) এবং (২) জনাব মোঃ তাজ উল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ)- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) এর 'অসদাচরণ'র অভিযোগে দোষী সাব্যস্তক্রমে একই বিধিমালার বিধি ৪ (২)(বি) অনুযায়ী তাঁদের ১(এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার দণ্ড প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/১৪ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

নং **২৪.০০.০০০০.১১৯.০৬.০৬১.১৭-২১৩**—বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জাতীয় পাটনীতি-২০১৮ এর অধ্যায়-৯ অনুযায়ী নিম্নরূপভাবে জাতীয় পাটখাত সমন্বয় কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক

৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৫. সচিব, শিল্প মন্ত্রণালয়

৬. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৭. সচিব, কৃষি মন্ত্রণালয়

৮. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৯. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

১০. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

১১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১২. সদস্য (জিইডি), পরিকল্পনা কমিশন

১৩. চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড

১৪. ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো

১৫. চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন

১৬. অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১৭. অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (পরিকল্পনা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

১৯. মহাপরিচালক, পাট অধিদপ্তর

২০. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

২১. পরিচালক, (ক্যাশ ক্রপ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

২২. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড

২৩. ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড

২৪. ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড

২৫. ব্যবস্থাপনা পরিচালক, পূবালী ব্যাংক লিমিটেড

২৬. ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিমিটেড

২৭. ব্যবস্থাপনা পরিচালক, উত্তরা ব্যাংক লিমিটেড

২৮. নির্বাহী পরিচালক, জেডিপিসি

২৯. প্রেসিডেন্ট, দি ফেডারেশন অব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ঢাকা

৩০. চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ)

৩১. চেয়ারম্যান, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজেজিইএ)

৩২. চেয়ারম্যান, বাংলাদেশ জুট এসোসিয়েশন (বিজেএ)

৩৩. চেয়ারম্যান, বাংলাদেশ জুট গুডস এসোসিয়েশন (বিজেজিএ)

৩৪. চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন (বিজেএসএ)

৩৫. সভাপতি, বাংলাদেশ পাট চাষি সমিতি

৩৬. পাট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ৩ জন সদস্য (কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

(ক) জনাব মার্জিয়া মুনমুন, মাহবুব জুটেক্স, নরসিংদী ;

(খ) জনাব বার্থা গীতি বাড়ৈ, পরিচালক, কোর দি জুট ওয়ার্কাস, গুলশান, ঢাকা ;

(গ) জনাব আফসানা আসিফ, ম্যানেজিং পার্টনার, বারিধারা, ডিওএইচএস, ঢাকা।

৩৭. বহুমুখী পাটজাত পণ্য উৎপাদনকারী বিভিন্ন অঞ্চলের ৪ জন উদ্যোক্তা প্রতিনিধি

(ক) জনাব মোঃ রাশেদুল করিম মুন্না, চেয়ারম্যান, ক্রিয়েশন (প্রাঃ) লিঃ, ঢাকা ;

(খ) মি. স্বপন কুমার দাস, নির্বাহী পরিচালক, প্রকৃতি, শুকতারা হ্যান্ডমেইড পেপার প্রজেক্ট, বিসিক ইন্ডাসট্রিয়াল এস্টেট, ফেনী ;

(গ) জনাব মোঃ রবিউল আহসান, ব্যবস্থাপনা পরিচালক,জুট টেক্সটাইল মিলস লিঃ, খুলনা;

(ঘ) সৈয়দা সেলিমা আজাদ, প্রোপ্রাইটর, গোধূলি সিবিপি, ময়মনসিংহ।

**সদস্য-সচিব**

৩৮. যুগ্ম সচিব (পাট-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**কমিটির কার্যপরিধি :-**

কমিটি পাটনীতি বাস্তবায়নে সার্বিক দিক নির্দেশনা, নীতি নির্ধারণী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কমিটি বৎসরে কমপক্ষে ২টি সভায় মিলিত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খুরশীদ ইকবাল রেজভী**
যুগ্ম-সচিব।

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
## সংস্থাপন-২ শাখা

### অফিস আদেশ

তারিখ : ০৮ জুলাই ২০১৯ খ্রিঃ

**নং ৪০.০০.০০০০.০২০.৩৮.২২৪.২০১৬-৫৫**—যেহেতু আপনি জনাব মোঃ আতাউর রহমান মন্ডল, সহকারী পরিচালক, শ্রম অধিদপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা এর বিরুদ্ধে একই দপ্তরের উপ-পরিচালক জনাব মোঃ সাইকুল ইসলাম শৃঙ্খলা ভঙ্গ, শারীরিক নির্যাতন এবং মৃত্যুর হুমকি প্রদানের লিখিত অভিযোগ দায়ের করেন। উক্ত অভিযোগ সরেজমিনে তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের উপসচিব (শ্রম) (বর্তমানে যুগ্মসচিব) জনাব এ.টি.এম সাইফুল ইসলাম-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকার সহকারী পরিচালক জনাব মোঃ আতাউর রহমান মন্ডলের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে সত্য মর্মে মতামত প্রদান করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) ধারা মোতাবেক বিভাগীয় মামলা নম্বর-০১/২০১৮ রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য বলা হয়। এ পরিপ্রেক্ষিতে তিনি অভিযোগনামার জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি চেয়ে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। ০৩-০২-২০১৯ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় জনাব মোঃ আতাউর রহমান মন্ডল এর শুনানি গ্রহণ করা হয়। তার স্বহস্তে লিখিত জবাব পর্যালোচনা করা হয়। লিখিত বক্তব্যে জনাব মোঃ আতাউর রহমান মন্ডল পুনঃতদন্তের আবেদন জানান এবং ব্যক্তিগত শুনানিতে তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ অস্বীকার করেন। লিখিত জবাব এবং মৌখিক বক্তব্য পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, জনাব মোঃ আতাউর রহমান মন্ডল এর বিরুদ্ধে আনীত অভিযোগনামায় বর্ণিত অভিযোগ প্রমাণিত হলে তিনি গুরুদণ্ড পেতে পারেন। সার্বিক দিক বিবেচনা করে ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করার লক্ষ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপ-বিধি (২) (ঘ) অনুযায়ী এ মন্ত্রণালয়ের ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। যেহেতু, জনাব মোঃ আতাউর রহমান মন্ডল এর বিরুদ্ধে আনীত অভিযোগ এ মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি সরেজমিনে পরিদর্শনপূর্বক তদন্ত কার্যক্রম সম্পন্ন করেন। তদন্তকালে অভিযোগকারী ও সাক্ষীগণের সাক্ষ্য, অভিযুক্ত কর্তৃক স্বাক্ষীগণকে জেরা এবং সাফাই সাক্ষীর বক্তব্যে বর্ণিত অভিযোগসমূহের মধ্যে জনাব আতউর রহমান মন্ডল কর্তৃক উপপরিচালক সাইকুল ইসলাম-কে এস.বি নিটিং এর নথি পরিবর্তনের বিষয়ে জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে উচ্চস্বরে চেঁচামেচি এবং ৯ (নয়) তলা থেকে ফেলে দেয়ার হুমকি প্রদানের অভিযোগ এবং ঘটনার দিন অর্থাৎ ২২ ও ২৩ অক্টোবর ২০১৮ তারিখ জনাব আতাউর রহমান মন্ডলের অফিসে উপস্থিত থাকার বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কমিটি কর্তৃক মতামত ব্যক্ত করা হয়েছে। জনাব সাইকুল ইসলামের শার্টের কলার ধরে শারীরিকভাবে লাঞ্ছনা করার অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কমিটি মতামত ব্যক্ত করেন এবং জনাব আতাউর রহমান মন্ডলের প্রায় ২.৫ বছর চাকরিকালীন শিষ্টাচার, আচরণ ও শৃঙ্খলাবোধ রপ্ত করতে না পারার অভিযোগ সম্পর্কে ২২ ও ২৩ অক্টোবর ২০১৮ তারিখের ঘটনা ব্যতীত সুস্পষ্ট কোন তথ্য পাওয়া যায়নি মর্মে মতামত প্রদান করা হয়।

৩। যেহেতু জনাব মোঃ আতাউর রহমান মন্ডল, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, প্রাথমিক তদন্ত প্রতিবেদন, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি ও তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকার উপপরিচালক জনাব  সাইকুল ইসলাম কর্তৃক জনাব মোঃ আতাউর রহমান মন্ডল এর বিরুদ্ধে আনীত অীভযোগের মধ্যে এস.বি নিটিং এর নথি পরিবর্তনের বিষয়ে জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে উচ্চস্বরে চেঁচামেচি ও ৯ (নয়) তলা থেকে ফেলে দেয়ার হুমকি প্রদান ও ঘটনার দিন অর্থাৎ ২২ ও ২৩ অক্টোবর ২০১৮ তারিখ তার অফিসে উপস্থিত থাকার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তবে জনাব মোঃ আতাউর রহমান মন্ডল কর্তৃক জনাব সাইকুল ইসলামের শার্টের কলার ধরে শারীরিকভাবে লাঞ্ছনা করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় এবং জনাব আতাউর রহমান মন্ডলের প্রায় ২.৫ বছর চাকরিকালীন শিষ্টাচার, আচরণ ও শৃঙ্খলাবোধ রপ্ত করতে না পারার অভিযোগ সম্পর্কে ২২ ও ২৩ অক্টোবর ২০১৮ তারিখের ঘটনা ব্যতীত সুস্পষ্ট কোন তথ্য না পাওয়ায় তাকে গুরুদণ্ডের পরিবর্তে লঘুদণ্ডে দণ্ডিত করা ন্যায়সংগত এবং যৌক্তিক মর্মে প্রতীয়মান।

৪। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি (২) (খ) অনুযায়ী বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকার সহকারী পরিচালক জনাব মোঃ আতাউর রহমান মন্ডল এর বাৎসরিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য স্থগিত থাকার দণ্ড প্রদান করা হলো। তিনি দণ্ডের মেয়াদ শেষে কোন বকেয়া প্রাপ্য হবেন না। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
ভারপ্রাপ্ত সচিব।

---

## মজুরী বোর্ড শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২০ আষাঢ় ১৪২৬/০৪ জুলাই ২০১৯

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৮.১৭-৭৭**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)-এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ১৭ এপ্রিল ২০১৯ তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলি :**

১। অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক স্বাভাবিক হারের দ্বিগুণ হারে ভাতা প্রদান করিতে হইবে;

২। কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার অধিক সময় কাজ করানো যাইবে না;

৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

তারিখ : ২৩ আষাঢ় ১৪২৬/০৭ জুলাই ২০১৯

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৩.১৯-৮১**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)-এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে পত্র জারির তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য স্যানোফি বাংলাদেশ লিঃ, স্টেশন রোড, টঙ্গী, গাজীপুর-কে উক্ত আইনের ধারা ১০০, ১০১, ১০২ ও ১০৫ এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলি :**

১। কোন শ্রমিক দ্বারা সপ্তাহে ৬০(ষাট) ঘন্টার বেশি কাজ করানো যাইবে না;

২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৩। কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে অতিরিক্ত সময় কাজ করানো যাইবে না;

৪। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হানিফ সিকদার**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৪.৯৭.০৩২.২০১৮-৫৪৮**—বিজ্ঞ মহানগর স্পেশাল জজ, ঢাকা, ৮২/২০১৯ নং মেট্রো বিশেষ মামলায় দুদক জি আর নং-৯১/২০১৯, (দুদক সজেকা ঢাকা-১ এর মামলা নং-১৫(৭)১৯, ধারা ১৬১ দঃ বিঃ, ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) তৎসহ মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ এর ৪(২) ধারা) সিলেট বিভাগের কারা উপ-মহাপরিদর্শক জনাব পার্থ গোপাল বণিককে অন্তর্বর্তীকালীন হাজতের পরোয়ানামূলে গত ২৯-৭-২০১৯ তারিখে ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জে প্রেরণ করেন এবং এ বিষয়ে কারা মহাপরিদর্শক ৩০-৭-২০১৯ তারিখে ৫৮.০৪.০০০০.০২৮.০৫.০০১.২০১৯.৫৫২ নং পত্রমূলে সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করেন।

২। বিজ্ঞ মহানগর স্পেশাল জজ, ঢাকা আদালতের উক্ত মামলা ও হাজত পরোয়ানা এবং বিএসআর পার্ট-১ এর বিধি-৭৩ এর নোট (২) অনুযায়ী জনাব পার্থ গোপাল বণিককে গ্রেফতার হওয়ার দিন থেকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপসচিব।

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/২৮ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.২৩.০১৭.১৮-৫৯০**—পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৯ উপলক্ষে লঘু অপরাধে দণ্ডিত অর্ধেকের বেশি সাজাভোগকৃত কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি ৪০১(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ০৯ (নয়) জন কয়েদির অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করেছে :

| ক্রঃ নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ১। | কয়েদি নং-৩২৩৮/এ, নুর হোসেন<br>পিতা-আবদুস সালাম, বয়স-৫২ বছর<br>মামলা নং-এস, টি-১৫৮/২০১৭,<br>সি আর-৪৩/২০১৭ (পটিয়া)। | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |
| ২। | কয়েদি নং-৩২৭০/এ, লোকমান হোসেন<br>পিতা-ফকির আহম্মদ, বয়স-৫৫ বছর<br>মামলা নং-জি.আর-৩৫/২০১২, ফটিকছড়ি থানার মামলা নং-০৩(৪)২০১২। | |
| ৩। | কয়েদি নং-২৯৮২/এ, মোঃ জাকির হোসেন ফকির, পিতা-আঃ রহমান,<br>বয়স-৬৯ বছর, মামলা নং-জি.আর-১৮/ ০৭ (পিরোজপুর)। | বরিশাল কেন্দ্রীয় কারাগার |
| ৪। | কয়েদি নং-৪৬৯৫/এ, মোঃ আরমান মিয়া<br>পিতা-মৃত আহাম্মদ আলী, বয়স-২৬ বছর<br>মামলা নং-জি.আর-৩৭৮(২)১৬, বাজিতপুর থানার মামলা নং-১৩(৫)১৬। | কিশোরগঞ্জ জেলা কারাগার |
| ৫। | কয়েদি নং-২০৮২/এ, মোঃ বাবুল<br>পিতা-আলম, বয়স-২৩ বছর,<br>মামলা নং-জি.আর-৪৮৬/১৫ (নাটোর)। | নাটোর জেলা কারাগার |
| ৬। | কয়েদি নং-৯৪৮/এ, মোঃ উসমান মিয়া<br>পিতা-মোঃ তোতা মিয়া, বয়স-৩৫ বছর,<br>মামলা নং-টি.আর-১৫২/২০১২, কমলাকান্দা থানার মামলা নং-১৩(১২) ২০১১। | নেত্রকোণা জেলা কারাগার |
| ৭। | কয়েদি নং-২৮১১/এ, মোঃ শফিকুল মোল্যা<br>পিতা-মোঃ রফিক মোল্যা, বয়স-৩৪ বছর<br>মামলা নং-জি.আর-০৪/১৫, খান জাহান আলী থানার মামলা নং-০৪(০১)১৫। | খুলনা জেলা কারাগার |
| ৮। | কয়েদি নং-২৯৬২/এ, জাভেদ,<br>পিতা-সাবির, বয়স-৩৯ বছর,<br>মামলা নং-জি.আর-৪৫২/১০, খালিশপুর থানার মামলা নং-২৩। | |
| ৯। | কয়েদি নং-১৪৪৭/এ, মোঃ শাহিন মিয়া<br>পিতা-মোঃ মনির হোসেন, বয়স-২০ বছর<br>মামলা নং-সি.আর-৭৪৬/১৭ (বরুড়া)। | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |

২। এ আদেশে মাহমান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

৪। অন্য কোন কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখা আবশ্যকতা না থাকলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন**
উপসচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৬/২৪ জুলাই ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.১৯-৬০৪**—গাইবান্ধা জেলার সাঘাটা থানার মামলা নং-০২, তারিখ: ০৫-০২-২০১৮ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বড় ধরনের ধ্বংসাত্মক ও নাশকতার মাধ্যমে জননিরাপত্তা বিপন্ন ও জনগণের মধ্যে আতংক সৃষ্টি সন্ত্রাসী কার্যক্রমসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিদের ক্ষতি সাধনের লক্ষ্যে ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.১৯-৬০৫**—চট্টগ্রাম জেলার জোরারগঞ্জ থানার মামলা নং-০৭, তারিখ: ০৬-১০-২০১৮ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে অবৈধ অস্ত্র-গুলি ও বিস্ফোরক দ্রব্য নিজ হেফাজতে রেখে নাশকতা কর্মকাণ্ড সংগঠনের মাধ্যমে রাষ্ট্র ও রাষ্ট্রের জনগণের নিরাপত্তা ও জানমালের ক্ষতিসাধন এবং শান্তি বিঘ্নিত করার মানসে দুই সহযোগীকে হত্যা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.১৯-৬০৬**—নোয়াখালী জেলার সুধারাম থানার মামলা নং-০৪, তারিখ: ০৩-০৩-২০১৫ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের সংহতি ও জননিরাপত্তা বিপন্ন করার জন্য এবং জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করতঃ প্রেট্রোল বোমা নিক্ষেপ করে অগ্নিসংযোগ, গুরুতর জখমসহ সহায়তা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.১৯-৬০৭**—নোয়াখালী জেলার সুধারাম থানার মামলা নং-০১, তারিখ: ০১-০৬-২০১৩ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বাংলাদেশের নিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার নিমিত্তে সন্ত্রাসী কার্যের ষড়যন্ত্র এবং প্ররোচণা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৬০৮**—চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল থানার মামলা নং-২১, তারিখ: ২৯-০৭-২০১৮ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে ও সহায়তার মাধ্যমে দেশের অখণ্ডতা, সংহাত, সার্বভৌমত্ব, জননিরাপত্তা বিপন্ন ও জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করার উদ্দেশ্যে জঙ্গী কার্যক্রম পরিচালনার মাধ্যমে রাষ্ট্রের অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৬০৯**—রাজশাহী জেলার পুঠিয়া থানার মামলা নং-০৯, তারিখ: ০৫-১১-২০১৬ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সদস্য হয়ে নিরাপত্তা বিপন্ন করার ষড়যন্ত্র ও সহায়তা এবং ককটেল বোমা সংরক্ষণ ও বিস্ফোরণ ঘটানোর অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৬১০**—রাজশাহী জেলার বোয়ালিয়া মডেল থানার মামলা নং-৬৫, তারিখ: ৩০-০১-২০১৭ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনকে সমর্থন করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৬১১**—রাজশাহী জেলার গোদাগাড়ী থানার মামলা নং-২৫, তারিখ: ১৪-০৫-২০১৮ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কর্মকাণ্ডে ও বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে সরকার উৎখাতের জন্য যুব সমাজকে উৎসাহ ও প্ররোচণাদানের অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরীফুল আলম তানভীর**
সহকারী সচিব।

[ একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে ]

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৬/১৬ মে ২০১৯

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-৩৪০**—যেহেতু, ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), সহকারী সার্জন, ছাওলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পীরগাছা, রংপুর গত ৩০-০৬-২০১৮ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১১-০৩-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৯-১৪৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), ব্যক্তিগত শুনানিতে জানান যে, ০১-০৫-২০১৮ হতে ৩০-০৬-২০১৮ পর্যন্ত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে নেদারল্যান্ডে অবস্থানরত স্বামীর সাথে সাক্ষাতের নিমিত্ত কর্মস্থল ত্যাগ করেন। তিনি বিদেশে অবস্থানকালীন অসুস্থ হলে চিকিৎসকের শরণাপন্ন হন। তিনি তখন ৪ সপ্তাহ ৪ দিনের গর্ভবতীসহ সাব কোরিওনিক হেমাটোমা, হিমোগ্লোবিন ইডিজিজ ও এ্যাজমা রোগে আক্রান্ত হন। চিকিৎসার জন্য Maastrich UMC+ নামক হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেন। তাকে নেদারল্যান্ড হতে বাংলাদেশে ভ্রমণ করে আসার অনুমতি প্রদান না করায় বাংলাদেশে আসতে পারেননি। নির্ধারিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই কর্তৃপক্ষের বরাবরে গত ২৭-০৬-২০১৮ তারিখে নেদারল্যান্ড থেকে ই-মেইলের মাধ্যমে ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন। পরবর্তীতে তিনি কিছুটা শারীরিক সুস্থতা অনুভব করলে চিকিৎসকের পরামর্শ মোতাবেক দেশে প্রত্যাবর্তন করেন এবং ১১-০২-২০১৯ তারিখে কর্মস্থলে যোগদান করে স্বীয় দায়িত্ব পালন করে আসছেন;

সেহেতু, ডাঃ সিফাত সুলতানা হক (১৩৪০৭৮), সহকারী সার্জন, ছাওলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, পীরগাছা, রংপুর এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(ক) বিধি অনুযায়ী 'তিরস্কার' লঘু দণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ০১-০৭-২০১৮ হতে ১০-০২-২০১৯ তারিখ পর্যন্ত মোট ৭ মাস ১০ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৬/২৫ জুলাই ২০১৯

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৭-৪২৯**—যেহেতু, ডাঃ মোঃ শাহজাহান (৪১২৫১), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৬-০৯-২০০৭ তারিখে পরিচালক (স্বাস্থ্য). ঢাকা বিভাগ, ঢাকায় ন্যস্ত করা হলেও যথাযথ কর্তৃপক্ষ বরাবর যোগদানপত্র দাখিল না করে ০২-০৮-২০১৭ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে পদায়ন ও কর্মস্থলে অনুপস্থিত সময়কাল নিয়মিতকরণের জন্য আবেদন করেন।

যেহেতু, তিনি একনাগাড়ে ৫ (পাঁচ) বছরের অধিককাল অর্থাৎ ৯ বছর ১০ মাস ৩ দিন সরকারি চাকুরীতে বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০১-১০-২০১২ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরী অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরী স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মোঃ শাহজাহান (৪১২৫১), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১-১০-২০১২ তারিখ হতে তাঁর চাকুরীর অবসান কার্যকর হবে। গত ৩০-০৯-২০০৭ তারিখ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

**[ একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত ]**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পানি সরবরাহ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ আষাঢ় ১৪২৬/০১ জুলাই ২০১৯

**নং ৪৬.০৮৪.০১৮.০৩.০০.০০৬.২০১২-১৬৪**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(ক) ও ৬(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রশাসনিক ও দাপ্তরিক কাজের সুবিধার্থে নিম্নবর্ণিত ছকের ৩নং কলামে বর্ণিত কর্মকর্তাগণের পরিবর্তে ৪নং কলামে বর্ণিত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট ওয়াসা বোর্ডে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে নির্দেশক্রমে নিয়োগ করা হলো। উল্লেখ্য, অতিরিক্ত সচিব (পাস)/যুগ্ম সচিব (পাস)/পলিসি সাপোর্ট) হিসেবে যে কর্মকর্তা দায়িত্ব পালনরত থাকবেন তিনি সংশ্লিষ্ট ওয়াসা বোর্ডে এ মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করবেন।

**ছক**

| ক্রমিক নং | ওয়াসা বোর্ডের নাম | পূর্বের প্রতিনিধি | বর্তমান প্রতিনিধি | বোর্ডে অবস্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | ঢাকা ওয়াসা | জনাব রোকসানা কাদের<br>অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | অতিরিক্ত সচিব (পাস) | সদস্য |
| ২। | চট্টগ্রাম ওয়াসা | অতিরিক্ত সচিব (পাস) | অতিরিক্ত সচিব (পাস) | সদস্য |
| ৩। | খুলনা ওয়াসা | জনাব মোঃ আব্দুর রউফ, যুগ্ম সচিব (পলিসি সাপোর্ট) | যুগ্ম সচিব (পলিসি সাপোর্ট) | সদস্য |
| ৪। | রাজশাহী ওয়াসা | জনাব একেএম আফতাব হোসেন প্রামানিক<br>যুগ্ম সচিব (নগর উন্নয়ন-২) | যুগ্ম সচিব (পাস) | সদস্য |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সামছুল হক**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ২৫ জুলাই ২০১৯ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৩২/৮৪-২৭৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব সাইয়েদ মুহাঃ আলী আছগার, পিতা-সাইয়েদ মুহাঃ আঃ গফুর, মাতা-রুপজান বেগম, গ্রাম-বড়ভাগ, পোঃ-কাশিয়ানী, ০৪ নং টগরবন্দ ইউনিয়ন, উপজেলা-আলফাডাঙ্গা, জেলা-ফরিদপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার ৪ নং টগরবন্দ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২১ আগস্ট ২০১৯ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৯১/৮২-৩২৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (সাঈদুর রহমান, পিতা-মৃত মোঃ ফরিদুল ইসলাম, মাতা-মোসাঃ ফেরদৌসী বেগম, গ্রাম-দহিসারা, পোঃ চাঁদহাট, উপজেলা-নগরকান্দা, জেলা-ফরিদপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলার ১ নং চরযশোরদী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।